# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 13 July, 2025

জাতীয় নাগরিক পার্টি- এনসিপি সুনামগঞ্জ জেলা শাখার ৩১ সদস্য বিশিষ্ট সমন্বয় কমিটি ঘোষণা করা হয়েছে।কমিটির প্রধান সমন্বয়কারী করা হয়েছে সুনামগঞ্জ পৌর শহরের তেঘরিয়া এলাকার বাসিন্দা মরমি সাধক হাছন রাজার প্রপৌত্র দেওয়ান সাজাউর রাজা চৌধুরীকে।

গত শনিবার (১২ জুলাই) রাতে সংগঠনের কেন্দ্রীয় মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম ও সদস্যসচিব আখতার হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই কমিটি ঘোষণা দেওয়া হয়।

ঘোষিত কমিটিতে যুগ্ম সমন্বয়কারী হিসেবে আছেন মো হারুনুর রশিদ, আতাউর রহমান স্বপন, আবু সালেহ নাসিম, ইসহাক আমিনিও শহিদুল ইসলাম;

সদস্য দেওয়ান তাসাদ্দুক রাজা ইমন, আলাল উদ্দিন, ড. করিম মিয়া, শিবনাথ বিশ্বাস, জুলপাশ খান, ফয়সাল আহমদ, শাহানুর আলম, বিকাশ রঞ্জন তালুকদার, মো. রেজাউল করিম, আমিনুল হক সিপন, মির্জা আব্দুল অদুদ, আলি হোসেন খান, মো. নুরুল ইসলাম, মো. আজাদনুর মিয়া, শ্যমল শান্ত, হাসান আল মাসুম, হাফেজ আরিফুল ইসলাম সরকার, মো. শামিম আহমদ, মো. আব্দুর রহমান দুলাল, হাফিজ আহমদ, সাদিকুর রহমান, রফিক আহমদ, মো. সাইফুল ইসলাম, মকবুল হোসেন, মো. আলী রাজ আহমদ।

আগামী তিন মাস অথবা আহ্বায়ক কমিটি গঠনের পূর্ব পর্যন্ত এই কমিটি করা হয়।

জাতীয় নাগরিক পার্টি সুনামগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:54

URL: https://timestodaybd.com/public/across-the-country/4684775807